

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৮
সোনামুড়া, ১১ এপ্রিল, ২০২৫

নলছড় ব্লকে রেগায় পতিত জমিকে সমতল করার কাজ চলছে

এমজিএন রেগা প্রকল্পে ২০২৪-২৫ অর্থবর্ষের বরাদ্দ অর্থে নলছড় ব্লকের বড়দোয়াল পঞ্চায়েত এলাকাতে কৃষকদের স্বার্থে ১৮ ইউনিট পতিত জমিকে চাষাবাদের সুবিধার্থে সমতল করে দেওয়ার কাজ চলছে। এক্ষেত্রে বরাদ্দ করা হয়েছে ৩২ লক্ষ ৫১ হাজার ৯২০ টাকা। তাছাড়া, একই পঞ্চায়েত এলাকাতে রেগা প্রকল্পের আওতায় ৩ লক্ষ ৯৪ হাজার ৫৭৫ টাকা ব্যয়ে একটি পুকুর খননের কাজ করা হচ্ছে। নলছড় ব্লক কার্যালয় সূত্রে এতথ্য জানা গেছে।
